AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

BENGALI

DATE: 30-3-2025 TIME - 7:45 PM

---

১) ছাত্র ছাত্রীরা নতুন এ্যাপ তৈরী করতে শেখা সহ ওপেন সোর্স সফটোয়ার সম্পর্কে জ্ঞান আহরণের জন্য বিভিন্ন ক্ষেত্রে প্রযুক্তি শিবিরের আয়োজন অব্যাহত রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে প্রকাশ ।

২) ওড়িষার কটকে ব্যাংগালুরু - গৌহাটী কামাখ্যা সুপার ফাস্ট এক্সপ্রেসের ১১ টি কোচ লাইনচ্যুত । একজনের মৃত্যু / কম করে ও সাতজন আহত / আহত যাত্রীদের মধ্যে দুজন আসামের ।

৩) ঈদ -উল - ফিতর উপলক্ষে রাজ্যজজুড়ে প্রস্তুতি / বরাক উপত্যকার তিনজেলায় আগামীকাল এই উৎসব পালন ।

এবং

৪) গৌহাটীর বর্ষাপারা ষ্টেডিয়ামে আই পি এল প্রতিযোগীতার আজকের খেলায় চেন্নাই সুপার কিংস টসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে ছাত্র ছাত্রীরা শেখার জন্য বহু নতুন নতুন উদ্ভাবনমূলক দিক বের করছে বলে উল্লেখ করে বলেন বর্তমানে প্রযুক্তি সম্পর্কে ছাত্র ছাত্রীদের বিশেষভাবে অবগত করানোর জন্য প্রযুক্তি শিবিরের আয়োজন করা হচ্ছে যাতে তারা এ্যাপ তৈরী করতে শেখা সহ ওপেন সোর্স সফটোয়ার সম্পর্কে ও জানতে

পারে ।একইভাবে গ্রীষ্মের ছুটির সময়কালে ছাত্র ছাত্রীদের নতুন কিছু শেখানো সহ তাদের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য পরিবেশ , নেতৃত্ব , নাটক সহ আন্যান্য সাংস্কৃতিক কার্যসূচীর ওপর তাদের শিক্ষা দেওয়ার জন্য প্রশিক্ষণের ও আয়োজন করা হয় । কোনো সংস্থা সংগঠন বা বিদ্যালয়ের উদ্যোগে যদি এধরণের কার্যসূচীর আয়োজন করা হয় তাহলে ‘ মাই হলিডেজ এর মাধ্যমে প্রচার করতে প্রধানমন্ত্রী শ্রী মোদী অনুরোধ জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী কিছুদিন পর থেকে বিভিন্ন রাজ্যে শুরু হোয়া নববর্ষ উৎসব উদযাপন উপলক্ষে সকল রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । --- বাইট

প্রধানমন্ত্রী বৃষ্টির জল সংরক্ষণ করার বিষয়ে উল্লেখ করে বলেন যে জলশক্তি মন্ত্রনালয় সহ বিভিন্ন সংগঠন জল সংরক্ষণের জন্য কাজ করতে প্রস্তুতি অব্যাহত রেখেছে ।এবছর জল সংরক্ষণের জন্য কেচ দ্য রেইন অভিযানের প্রস্তুতির বিষয়ে প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন যে এই অভিযান সরকারের নয় বরং জনসাধারণের ।জল সংরক্ষণের কাজে অধিক লোককে জড়িত করার জন্য জল সঞ্চয় , জন সহযোগ অভিযান ও চালানো হচ্ছে ।

মন কী বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী খেলো ইন্ডিয়া প্যারা গেমসের সাফল্যের জন্য খেলোয়ারদের একাগ্রতা ও প্রতিভার প্রশংসা করেন । প্যারা খেলার জনপ্রিয়তার কথা উল্লেখ করে তিনি বলেন যে এই খেলায় আগের থেকে অধিক খেলোয়ার অংশ গ্রহণ করে করছে । এবারের খেলায় দিব্যাংগ খেলোয়াররা ১৮ টি থেকে ও বেশী আর্ন্তজাতিক রেকর্ড গড়তে পেরছে বলে উল্লেখ করে শ্রীমোদী বলেন ১২ টি ইভেন্টে রেকর্ড গড়ার ক্ষেত্রে মহিলা খেলোয়ারদের নাম রয়েছে ।খেলো ইন্ডিয়া প্যারাগেমসে সোণার পদকপ্রাপ্ত আর্মরেষ্টলার জাবী মেথিউর প্রধানমন্ত্রীকে প্রেরণ করা এক পত্রের বিষয়ে শ্রী মোদী বলেন যে পত্রে জাবি মেথিউ দিব্যাংগরা প্রতিদিন এক লড়াই এর সম্মুখীন হয় বলে উল্লেখ করেছে এবং বলেছে বহু কম লোকই তাদের

এই সংগ্রামের কথা বুঝতে পারে । তবু ও দিব্যাংগরা সাহসের সংগে এগিয়ে থেকে তাদের স্বপ্ন বাস্তবায়িত করতে প্রচেষ্টা চালিয়ে যায় বলে পত্রে উল্লেখ করে ।ফিট ইন্ডিয়া কার্নিভেলের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন যে এই আড়ম্বরপূর্ন আয়োজনে বিভিন্ন ক্ষেত্রে ২৫ হাজার লোকের অংশ গ্রহণের সম্ভাবনা রয়েছে । তিনি বলেন যে এই আয়োজনের লক্ষ্য হচ্ছে শরীর সুস্থ রাখা ও সকলকে এই কাজের জন্য সচেতন করে তোলা । আর্ন্তজাতিক যোগ দিবসের বিষয়ে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে যোগ দিবসের এখোনো একশ থেকে ও কম দিন রয়েছে ।বর্তমানে আর্ন্তজাতিক যোগ দিবস এক বৃহৎ যোগ মহোৎসবে পরিণত হয়েছে বলে এবং ভারতের এই অনুপ্রেরণামূলক যোগ কার্যসূচী ভবিষ্যতে মানব জাতির বহু উপকার সাধন করবে বলে শ্রী মোদী উল্লেখ করেন । সোমোস ইন্ডিয়া নামের একটি দলের বিষয়ে উল্লেখ করে  প্রধানমন্ত্রী বলেন যে বিগত এক দশক থেকে এই দলটি যোগ ও আয়ুর্বেদকে জনপ্রিয় করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে ।

---

রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের উপস্থিতিতে আজ পাথারকান্দি বিধানসভা কেন্দ্রের ফরিদকোনা দোহালিয়া গ্রামের ৩৯ নম্বর বুথে গ্রামবাসীদের মধ্যে মন কি বাতের অনুষ্ঠান শোনানো হয়েছে ।

অনুরূপভাবে রাতাবাড়ী বিধানসভা কেন্দ্রের চরগোলা বাগান নাচঘরে বিধায়ক বিজয় মালাকার সহ দলীয় কর্মকর্তারা মন কি বাতের অনুষ্ঠান শুনেছেন ।

শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ মন্দির দীঘির পার এলাকার অর্ন্তগত ১১৪ নম্বর বুথে দলীয় কর্মী ও সর্মথকদের নিয়ে মন কি বাত অনুষ্ঠান শুনেছেন ।

এদিকে সোনাই বিধানসভা কেন্দ্রের কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের অধীন ২২৩ নম্বর বুথের আউলিয়া টিলা দূর্গা মন্ডপ কমিউনিটি হলে আজ

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাতের ১২০তম পর্ব শোনার ব্যবস্থা করা হয়েছে ।

---

গুয়াহাটী অভিমুখী বেঙ্গালুরু - গুয়াহাটী কামাখ্যা সুপার ফাষ্ট এক্সপ্রেস ট্রেনটি আজ ওড়িশ্যার কটক জেলার নিরুগুন্দি রেল ষ্টেশনের কাছে দূর্ঘটনাগ্রস্থ হয় । দূর্ঘটনার ফলে ট্রেনটির ১১ টি কোচ লাইনচ্যুত হয় এবং এই ঘটনায় একজন নিহত এবং কমপক্ষে সাত জন লোক  আহত হয়েছেন ।আহত যাত্রীদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।এদিকে আহত লোকেদের মধ্যে দুজন আসামের বলে জানা গেছে। ট্রেনটি গুয়াহাটী অভিমুখে আসার পথে আজ বেলা ১১ টা -৫৪ মিনিটে দূর্ঘটনার কবলে পরে ।রেল বিভাগের শীর্ষ আধিকারীকরা ইতিমধ্যে ঘটনাস্থলে পৌছেছেন এবং উদ্ধার অভিযান পূর্ণগতিতে অব্যাহত রয়েছে ।এদিকে আসাম সরকার এই দূর্ঘটনার পর তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করেছে ।মুখ্যমন্ত্রীর কার্যালয় ওড়িশ্যা সরকার এবং রেল বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে চলেছে ।দূর্ঘটনাগ্রস্থ ট্রেনটিতে থাকা আসামের যাত্রীদের নিরাপদে ফিরিয়ে আনতে মুখ্যমন্ত্রী কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে বেশ কয়েকটি হেল্পলাইন নম্বর চালু করেছে ।

---

রমজান মাসের কঠোর সংযম সাধনার পর আগামীকাল ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র ঈদ-উল ফিতর উদযাপনের জন্য প্রস্তুতি সম্পূর্ণ ।আজ সন্ধ্যার আকাশে চাঁদ দেখা দেওয়ায় আগামীকাল ঈদ পালন করা হবে ।এই উৎসব উপলক্ষে ইসলাম ধর্মাবলম্বী লোকেদের মধ্যে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে ।আগামীকাল ঈদের নামাজের জন্য ঈদগাহ এবং মসজিদ গুলোকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে ।ঈদের প্রাক সন্ধ্যায় বাজার গুলোতে উপচে পড়া ভীড় পরিলক্ষিত হচ্ছে ।

---

এক বার্তায় রাজ্যপাল শ্রী আচার্য বিশ্বাস , কৃতজ্ঞতা ও আধ্যাত্মিক পরিপূর্নতাকে প্রতিফলিত করা এই উৎসব জনসাধারণের মধ্যে আত্ম অনুশাসন ও নিষ্ঠার মনোভাব জাগ্রত করে বলে  উল্লেখ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলা কাছাড় শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলায়ও আগামীকাল ঈদ-উল ফিতর পালন করা হবে ।আগামীকাল সকাল ৯ টায় শিলচর ইটখলা ঈদগাহ ময়দানে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে । নামাজ পরিচালনা করবেন শিলচর বড় মসজিদের প্রধান ইমাম মৌলানা সাব্বির আহমেদ লস্কর । সোনাবাড়িঘাট ঈদগাহে এবার প্রথমবারের মতো ঈদের নামাজ অনুষ্ঠিত হবে ।এদিকে জেলায় শান্তিপূর্ণভাবে ঈদ উল ফিতর উদযাপনের জন্য জেলা প্রশাসন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে । জেলার ঈদগাহ , মসজিদ , বাজার সহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ মোতায়েন করা হয়েছে ।উৎসব চলাকালীন বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোর প্রবণতা রোধ করা এবং ট্রিপল রাইডিং ও হেলমেট বিহীন চলাচলের ক্ষেত্রে জেলা প্রশাসনের পক্ষ থেকে সতর্ক করে দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আগামীকাল করিমগঞ্জ টাউন ঈদগাহে সকাল ৯ টায় ঈদের নামাজ পরিচালনা করবেন মৌলানা আব্দুল হান্নান মীসবাহী । শ্রীগৌরী ওমরপুর ঈদগাহে ঈদের নামাজ পরিচালনা করবেন উত্তরপূর্ব ভারতের আমীরে শরীয়ত মৌলানা ইউসুফ আলী ।এছাড়া কালিগঞ্জ ক্ষুদ্রাকান্দি ঈদগাহ , বদরপুর মালুয়া নাহারপুর ঈদগাহ , রাতাবাড়ির টঙ্গিবাড়ি ঈদগাহ

, পাথারকান্দির সলগই ঈদগাহ , কাঠালতলির কুর্তি ঈদগাহ ময়দানে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে ।
হাইলাকান্দি জেলায় ও আগামীকাল ঈদের নামাজ জন্য প্রতিটি ঈদগাহ , মসজিদকে  সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । জেলার কাটলিছড়া বাসষ্ট্যান্ড ঈদগাহে সকাল সাড়ে আটটায় ঈদের নামাজ পরিচালনা করবেন বিশিষ্ট ইসলামিক পণ্ডিত সারিফুল হক ।হাইলাকান্দি টাউন ঈদহাহে নামাজ পরিচালনা করবেন মৌলানা তৈবুর রহমান লস্কর । এছাড়া জেলার অন্যান্য প্রান্ত লালা কাটলিছড়া , আলগাপুরে শান্তিপূর্ণভাবে ঈদ পালনের জন্য সবধরণের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে ।জেলা প্রশাসন নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলেছে ।

---

আসাম স্টেট জার্নালিষ্ট ইউনিয়ন এবং বরাকভ্যালী মিডিয়া ফোরামের যৌথ উদ্যোগে আজ শিলচর গান্ধীভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রবীন সাংবাদিক তমোজিৎ ভট্টাচার্য্যকে বরাক উপত্যকা সাংবাদিকতা পুরষ্কার-২০২৫ প্রদান করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অতিরিক্ত আয়ুক্ত বহ্নিকা চেতিয়া , আসাম স্টেট জার্নালিষ্ট ইউনিয়নের সভাপতি জিতি শর্মা রাজখোয়া , কার্য্যকরী সভাপতি মনোজ কুমার বড়ঠাকুর ,সচিব প্রদীপ চন্দ্র ডেকা প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

কলকাতার ছায়ানট ও নজরুল ইসলাম গবেষনা সংস্থার বর্তমান সভাপতি ও নজরুল গবেষক সোমঋতা মল্লিক আজ শিলচর গান্ধী মেলা প্রাঙ্গনে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত চিত্র প্রদর্শনী পরিদর্শন করেন । উল্লেখ্য বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বার্ষিকীতে কবির জীবনের কিছু বিরল স্মৃতি সাধারন মানুষের সামনে তুলে ধরার লক্ষ্যে গত ১৬ই মার্চ গান্ধী মেলা প্রাঙ্গনে এই প্রদর্শনীর  উদ্বোধন করা হয় ।

গৌহাটীর বর্ষাপারা ষ্টেডিয়ামে আই পি এল ক্রিকেট প্রতিযোগীতার আজকের খেলায় চেন্নাই সুপার কিংস ও রাজস্থান রয়েলস মুখোমুখী হয়েছে । চেন্নাই সুপার কিংস টসে জিতে ফিল্ডিং করার সিদ্ধান্ত নিয়েছে । এদিকে এপর্যন্ত পাওয়া খবর আনুযায়ী রাজস্থান রয়েলস ৩ ওভারে ১ উইকেটে ২৫ রান করেছে ।উল্লেখ্য রিয়ান পরাগ নেতৃত্বাধীন রাজস্থান রয়েলস আগের দুটি খেলায় জয়ী নাহোয়ায় আজকের খেলাটি তাদের জন্য খুবই গুরুত্বপূর্ন ।